

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজ এর কার্যালয়
মাদারীপুর।

www.madaripur.judiciary.org.bd

আদেশ নং-৩৬ জি,

তারিখঃ ২৭/০২/২০২৪ খ্রিঃ।

"অফিস আদেশ"

মাদারীপুর জেলা জজশীপের রেকর্ড রুমের রেকর্ডকীপার (সেরেস্তাদার) জনাব এম.এম হায়দার হোসেন একথানা দরখাস্ত দাখিল করিয়া ০৩/০৩/২০২৪ খ্রিঃ তারিখে তাহার বয়স ৫৯ (ঊনষাট) বৎসর পূর্ণ হইবে বিধায় উক্ত তারিখ হইতে অবসর গ্রহণের এবং ০৪/০৩/২০২৪ খ্রিঃ তারিখ হইতে অবসরোত্তর ছুটিতে (P.L.R) গমনের প্রার্থনা করিয়াছেন। তাহার দাখিলী দরখাস্ত, হিসাব সহকারীর প্রতিবেদন এবং চাকুরির খতিয়ান বহি পর্যালোচনায় দেখা যায় তাহার জন্ম তারিখ ০৪/০৩/১৯৬৫ খ্রিঃ সেই মোতাবেক ০৩/০৩/২০২৪ খ্রিঃ তারিখ তাহার বয়স ৫৯ (ঊনষাট) বৎসর পূর্ণ হইবে। চাকুরির খতিয়ান বহি পর্যালোচনায় দেখা যায় তাহার সমগ্র চাকুরিকালীন সময়ে ০১ বৎসর ১০ মাস ১১ দিন পূর্ণ গড় বেতনে অর্জিত ছুটি পাওনা হয় যার মধ্যে ০১ মাস ২৯ দিন অর্জিত ছুটি আবেদনকারী ভোগ করেন। ভোগকৃত ছুটি বাদে ০১ বৎসর ৮ মাস ১২ দিন পূর্ণ গড় বেতনে ও ০৩ বৎসর ০২ মাস ২০ দিন অর্ধগড় বেতনে অর্জিত ছুটি পাওনা হইয়াছে। উক্ত অর্ধগড় বেতনের ছুটিকে পূর্ণ গড় বেতনের ছুটিতে রূপান্তর করিলে ০১ বৎসর ০৭ মাস ১০ দিন পূর্ণ গড় বেতনে ছুটি সহ একুনে ০৩ বৎসর ০৩ মাস ২২ দিন পূর্ণ গড় বেতনের ছুটি পাওনা হয়। এমতাবস্থায় তাহার আবেদনের প্রেক্ষিতে তাহাকে The Public Servants (Retirement) Act, 1974 (Act No 711 of 1974) ২০১০ সনের ০৫ নং আইন দ্বারা সংশোধিত এর ০৭ ধারা অনুযায়ী ০৪/০৩/২০২৪ ইং তারিখ হইতে আগামী ০৩/০৩/২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত ১২ (বার) মাস পূর্ণ গড় বেতনে অবসরোত্তর ছুটি (P.L.R) মঞ্জুর করা হইল এবং তাহার অবশিষ্ট ০২ বৎসর ০৩ মাস ২২ দিন পূর্ণগড় বেতনের পাওনা ছুটির বিপরীতে তাহার বর্তমান আহরিত মাসিক মূল বেতন ২৫,৩২০/- টাকা হারে (২৫,৩২০/- X ১৮ মাস) = ৪,৫৫,৭৬০/- (চার লক্ষ পঞ্চাশ হাজার সাতশত ষাট টাকা মাত্র) নগদায়ন (লামগ্রান্ট) হিসাবে উত্তোলনের জন্য মঞ্জুরী প্রদান করা হইল। অবসরোত্তর ছুটি (P.L.R) ভোগের পর তিনি আগামী ০৪/০৩/২০২৫ ইং তারিখে চূড়ান্ত ভাবে চাকুরি হইতে অবসর গ্রহণ করিবেন। তাহাকে পেনশন সংক্রান্ত কাগজপত্র দাখিল করিতে বলা হইল।

জনস্বার্থে এই আদেশ জারী করা হইল।

সংশ্লিষ্ট সকলকে অবগত করানো হউক।

স্বাক্ষরিত/-

২৭/০২/২০২৪ খ্রিঃ

(মোঃ ইসমাইল হোসেন)

সিনিয়র জেলা ও দায়রা জজ,

মাদারীপুর।

তারিখঃ ২৭/০২/২০২৪ খ্রিঃ।

স্মারক নং- ডিজে/জএ/মা-

৬৬/৪

আদেশের অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হইল :-


১-১। ভারপ্রাপ্ত জজ, হিসাব বিভাগ/রেকর্ডরুম বিভাগ, জেলা জজ আদালত, মাদারীপুর।

৩। ডিসিট্র একাউন্ট এন্ড ফিন্যান্স অফিসার, মাদারীপুর।

৪। জনাব এম.এম হায়দার হোসেন, রেকর্ড কীপার (সেরেস্তাদার), রেকর্ড রুম জেলা জজ আদালত, মাদারীপুর।

৫। আদেশ বহি।

৬। অফিস বহি।



২৭/০২/২০২৪ খ্রিঃ

(মোঃ ইসমাইল হোসেন)

সিনিয়র জেলা ও দায়রা জজ,

মাদারীপুর।

জেলা জজ

মাদারীপুর।